আলমডাঙ্গায় ট্যাপেন্টাডলসহ মাদক ব্যবসায়ী জাহাঙ্গীর গ্রেফতার

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ জাহাঙ্গীর আলম (৪০) নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে র্যাব-৬। তার শরীর তল্লাশি করে ৩৮০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়।

রবিবার (৫ই জুন) দুপুরে আলমডাঙ্গা শহরের রেলষ্টেশন এলাকা থেকে তাকে গ্রেফতার করে। গ্রেপ্তার জাহাঙ্গীর আলম উপজেলার কেদারনগর গ্রামের পশ্চিমপাড়ার মৃত লাল্টু মিয়ার ছেলে।

জানাগেছে,আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের কেদারনগর গ্রামের লাল্টু মিয়ার ছেলে জাহাঙ্গীর আলম (৪০)। সে দীর্ঘদিন ধরে নিষিদ্ধ মাদক দ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রয় করে। গ্রামটি প্রান্ত অঞ্চল হওয়ায় সে দাপুটের সাথে রমরমা ট্যাপেন্টা ডল বিক্রয় করে মাদক বিক্রেতা জাহাঙ্গীর। এছাড়াও সে মোটরসাইকেল যোগে আলমডাঙ্গা শহর সহ প্রত্যন্ত অঞ্চলে ভ্রাম্যমাণ মাদক বিক্রয় করে আসছিলো।

গোপন সংবাদের ভিত্তিতে গাংনী ক্যাম্পের সিপিসি-২, র্যাব-৬ এসআই প্রদ্যুৎ কুমার প্রামানিক সঙ্গী অফিসার ফোর্স নিয়ে আলমডাঙ্গা রেল ষ্টেশন এলাকায় অভিযান চালায়। এসময় মাদক বিক্রেতা জাহাঙ্গীর র্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করে । তার শরীর তল্লাশি করে ৩৮ পাতায় ৩শত ৮০ পিস ট্যাপেন্টা ডল ট্যাবলেট উদ্ধার করে।

দর্শনায় চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের নবনির্বাচিত ও

অবসরপ্রাপ্তদের সংর্বধনা

দর্শনা কেরুজ পরিবহন বিভাগের আয়োজনে কেরু চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের শ্রমিক – কর্মচারী ফেডারেশনের নবনির্বাচিত ও অবসরপ্রাপ্তদের সংর্বধনা অনুষ্টান অনুষ্টিত হয়েছে।

রোববার বেলা সাড়ে ১২ টার দিকে দর্শনা কেরুজ পরিবহন বিভাগ চত্বরে এ সংর্বধনা অনুষ্টান অনুষ্টিত হয়। অনুষ্টানে কেরুজ মহাব্যবস্থাপক কৃষি আশরাফুল আলম ভৃইয়ার সভাপতিত্বে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোসারেফ হোসেন।

তিনি প্রধান অতিথীর বক্তব্যে বলেন আমরা সবাই মিলে মিলটি টিকিয়ে রাখার স্বার্থে সবার সব জায়গা থেকে বেশি বেশি আখ রোপন করি। আমাদের সব সময় চাষীদের সাথে যোগাযোগ রাখতে হবে, না রাখলে মিলটি টিকিয়ে রাখা সম্বভ হবে না। মিলটি টিকে থাকলে এ অঞ্চেলের মানুষ লাভবান হবে বাংলাদেশের উন্নয়ন হবে।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মহা ব্যাবস্থাপক (প্রশাসন) শেখ মোঃ শাহাব উদ্দীন, মহাব্যববস্থাপক (অর্থ) সাইফুল ইসলাম, মহাব্যববস্থাপক (ডিস্টিলারি) ফিদা হাসান বাদশা, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনে শ্রমিক কর্মচারী ফেডারেশনের নব নির্বাচিত সভাপতি মাসুদুর রহমান, সহ-সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ সবুজ, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান, পরিবহন বিভাগের ইন্জিনিয়ার আবু সাইদ, পরিবহন বিভাগের মেম্বার শরিফুল ইসলাম শরিফ সহ অবসরপ্রাপ্ত শ্রমিকও কর্মচারিদের ফুলেল শুভেচ্ছা সংবর্ধনা দেই কৃষি বিভাগের শ্রমিক, কর্মচারি ও কর্মকর্তাগন।।

অনুষ্টানটি পরিচালনা করেন পরিবহন বিভাগের কর্মকর্তা ইকবাল হোসেন।

আলমডাঙ্গায় ভোক্তা অধিদপ্তরের অভিযান, দুই প্রতিষ্ঠানকে জরিমানা

মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল বিক্রয়ের অপরাধে ২ প্রতিষ্ঠানকে ৯ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। রবিবার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সূত্রে এ তথ্য জানা গেছে।

জানা গেছে, আলমডাঙ্গা পৌর শহরে বিভিন্ন ফার্মেসিতে অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিদপ্তর। এসময় শহরের হাজী মোড়ের মেসার্স স্টার মেডিকেলকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে ৪ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও হাইরোডে অবস্থিত মেসার্স মোল্লা ফার্মেসিকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল বিক্রয়ের অপরাধে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করে জেলা ভোক্তা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ। এসময় পুলিশি নিরাপত্তার সার্বিক সহযোগীতা করেন আলমডাঙ্গা থানা পুলিশ।

প্রধানমন্ত্রীকে হত্যার হুমকির প্রতিবাদে কার্পাসডাঙ্গায় বিক্ষোভ

আওয়ামী লীগের সভাপতি ও বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে কটূক্তি ও হত্যার হুমকির প্রতিবাদে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগসহ অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

শনিবার বিকাল ৪ টায় কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সারা দেশের ন্যায় বিক্ষোভ মিছিলটি কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সামনে থেকে বিশাল এক বিক্ষোভ মিছিল শুরু হয়ে বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে হাজী মার্কেট বাজার পয়েন্টে গিয়ে এক প্রতিবাদ সভায় মিলিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস এর সভাপতিত্বে ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহমেদ এর পরিচালনায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাবিবুল্লাহ বাহার, সাধারণ সম্পাদক সরোয়ার হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী মালেক মিয়া, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দীন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি জাহিদুর রহমান মুকুল, যুগ্ম সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ রহমান কচি, যুগ্ম সম্পাদক শরীফ রতন, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মেহেদী হাসান মিলন, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন বিপু, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন প্রমুখ।

সমাবেশে বক্তরা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকির তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যখন সব বাধা উপেক্ষা করে দেশের উন্নয়ন করছেন, ঠিক তখনই স্বাধীনতাববিরোধী শক্তি আবারও সে উন্নয়ন থামিয়ে দেওয়ার জন্য উঠে পড়ে লেগেছে। গুজব ছড়িয়ে জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টা করছেন তারা। কিন্তু তাদের এ অপচেষ্টা আওয়ামী লীগ কখনই সফল হতে দেবে না।

এ সময় তারা আরও বলেন, এখন থেকে আগামী জাতীয় নির্বাচন পর্যন্ত আওয়ামী লীগ মাঠে থাকবে এবং কাউকে কোনো ছাড় দেওয়া হবে না। প্রধানমন্ত্রীর পাশে থেকে ঐক্যবদ্ধ হয়ে সব অপশক্তি মোকাবিলা করা হবে।

দর্শনায় আওয়ামী লীগের প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে নিয়ে বিএনপি, যুবদল ও মহিলা দলের কটুক্তি এবং হত্যার হুমকির প্রতিবাদে দর্শনা পৌর আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগসহ অন্যান্য অঙ্গ সংগঠনের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় ঘোষিত কর্মসৃচী অংশ হিসাবে সারাদেশের ন্যায় শনিবার বিকালে দর্শনা পৌর আওয়ামীলীগের কার্যলয়ে দর্শনা পৌর আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগ আয়োজিত প্রতিবাদ সমাবেশে ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু।

তিনি বলেন, স্বাধীনতা বিরোধী ষড়যন্ত্র কারীরা যতই শক্তিশালী হোক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে তা প্রতিহত করা হবে। যেখানে বিএনপি, জামাত অরাজকতার অপচেষ্টা করবে সাথে, সাথে প্রতিহত করার জন্য প্রস্তুত থাকতে হবে।

অন্যন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর, আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, ৫ নং ওয়ার্ড সহ-সভাপতি শফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন, আওয়ামী লীগ নেতা সোলায়মান কবির, জয়নাল আবেদীন নফর।

দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফের সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আঃ হান্নান ছোট, সহ সম্পাদক আ. মান্নান খান, দর্শনা পৌর যুবলীগের সাধারন সম্পাদক শেখ আসলাম আলী তোতা, কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধরন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, প্রমুখ।

সমাবেশ শেষে দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও দামুড়হুদা

উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবুর নেতৃত্বে দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় কার্যালয় থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি দর্শনা পুরাতন বাজারসহ প্রধান প্রধান সড়ক বিক্ষোভ মিছিল করেন।

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

আলমডাঙ্গা উপজেলায় ব্যাটারি চালিত ইজিবাইকের চার্জার খোলার সময় পলাশ উদ্দিন (২৭) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। গতকাল শনিবার সকালে উপজেলার জগন্নাথপুর গ্রামে এঘটনা ঘটে। নিহত পলাশ উদ্দিন ওই গ্রামের ফিরোজ উদ্দিনের ছেলে।

স্থানীয়রা জানায়, নিজ বাড়িতে বৈদ্যুতিক চার্জে থাকা ইজিবাইক থেকে চার্জার খুলতে গেলে অসাবধানতা-বসত বিদ্যুৎস্পৃষ্ট হয় পলাশ উদ্দিন। তাকে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়ার পথে তার মৃত্যু হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, ইজিবাইক থেকে চার্জার খোলার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয় পলাশ। পরে হাসপাতালে নেয়ার পথে তার মৃত্যু হয়। কোন অভিযোগ না থাকায় অবেদনের পেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহ দাফনের অনুমতি দেয়া হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা ও পৌর সেচ্ছাসেবকলীগের ত্রি-বার্ষিক

সম্মেলন

আলমডাঙ্গা উপজেলা ও পৌর শাখার বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবকলীগের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার বিকেলে আলমডাঙ্গা শহরের পান্না কমিউনিটি সেন্টারে ত্রি-বার্ষিক সম্মেলনের মাধ্যমে এ কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবকলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে আলমডাঙ্গা উপজেলা সেচ্চাসেবকলীগের আহবায়ক শরিফুল ইসলাম রিফাতের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি নির্মল কুমার চ্যাটার্জী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বালাদেশ আওয়ামী সেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি সৈয়দ নাসির উদ্দীন, যুগ্ন-সাধারণ সম্পাদক খায়রুল হাসান জুয়েল, সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম, তথ্য ও প্রযুক্তি সম্পাদক শাকিল আহমেদ জুয়েল বাবু, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আসাদুল হক বিশ্বাস, বাংলাদেশ আওয়ামী লীগ শিল্প ও বাণিজ্য উপ কমিটির সদস্য দিলীপ কুমার আগরওয়ালা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এ্যাডঃ আব্দুল মালেক, বাংলাদেশ কৃষকলীগের সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক যুব ও ক্রিড়া বিষয়ক সম্পাদক এ্যাডঃ শফিকুল ইসলাম শফি, জেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন-আহবায়ক মতিয়ার রহমান মতি।

অনুষ্ঠান শেষে নতুন এ কমিটির উপজেলা আওয়ামী সেচ্চাসেবকলীগের সভাপতি হিসাবে শরিফুল ইসলাম রিফাত, সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম টুকুল নির্বাচিত হয়। এছাড়াও আলমডাঙ্গা পৌর সেচ্ছাসেবকলীগের সভাপতি মিলন হোসেন ও সাধারণ সম্পাদক ইমরান হোসেন নির্বাচিত হয়।

১২০ টাকার বিরিয়ানী ৩৪০ টাকা

আলমডাঙ্গায় বিআরডিবি এর প্রশিক্ষণ প্রাপ্তিদের কর্মশালায় বরাদ্দকৃত অর্থ আত্নসাৎ এর অভিযোগ উঠেছে প্রকল্প কর্মকর্তা

আব্দুল মান্নানের বিরুদ্ধে । গতকাল বৃহস্পতিবার বিআরডিবি অফিসে খোঁজ নিলে প্রশিক্ষণের নামে বরাদ্দকৃত অর্থ আত্নসাৎ এর সত্যতা মিলে। এ ঘটনায় প্রশিক্ষণ প্রাপ্তিদের মাঝে তিব্র ক্ষোভ বিরাজ করে।

জানা গেছে, আলমডাঙ্গার পল্লি উন্নয়ন বোর্ড পল্লি জিবীকায়ন প্রকল্পের (৩য় পর্যায়ে) সুফল ভোগীদের আয়বর্ধন মূলক প্রশিক্ষণ অনুষ্টিত হয়। গত মঙ্গলবার থেকে ৩ দিনের এ কর্মশালা অনুষ্টিত হয়। এ কর্মশালায় শাকসবজি চাষ প্রশিক্ষণে বিভিন্ন অঞ্চলের ৪০ জন নারী অংশ গ্রহণ করে।

এ কর্মশালায় প্রকল্পের মাধ্যমে প্রত্যেক সুফল ভোগী প্রশিক্ষণার্থীকে প্রত্যেক দিন সম্মানি ভাতা, খাবার, যাতায়াত, খাতা-কলম, সনদ বাবদ ১ হাজার ৪০ টাকা বরাদ্দ দেওয়া হয়। এতে প্রত্যেক দিন প্রশিক্ষণার্থীকে সম্মানি ভাতা বাবদ ৫শত টাকা, খাবার ৩শত ৪০ টাকা, যাতায়াত ২শত টাকা, খাতা-কলম বাবদ ৫০ টাকা ও সনদ বাবদ ৫০ টাকা বরাদ্দ প্রদান করে পল্লি উন্নয়ন বোর্ড পল্লি জিবীকায়ন প্রকল্প। এতে বরাদ্দকৃত অর্থের ৩০% অর্থ আত্নসাৎ করেছে। প্রশিক্ষণার্থীদের বরাদ্দকৃত অর্থের শুধু সম্মানি ভাতা ৫শত টাকা, ৩শত ৪০ টাকার খাবার ১২০, যাতায়াত খরচ বাবদ ২শত টাকা, ৩০ টাকার খাতা-কলম ৫০, ২০ টাকার সনদ ৫০ টাকা করে দাম ধরানো হয়েছে বলে অভিযোগ করেন ভুক্তভোগী প্রশিক্ষণার্থীরা। এতে প্রতি প্রশিক্ষণার্থী বাবদ প্রতিদিন ২২০ টাকা করে মোট ৪০ জন প্রশিক্ষণার্থীদের ৮ হাজার ৮ টাকা। ৩ দিন মোট ২৬ হাজার ৪শত টাকা আত্নসাৎ করে ভারপ্রাপ্ত প্রকল্প কর্মকর্তা আব্দুল মান্নান।

পল্লি জীবিকায়ন প্রকল্পের ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল মান্নান জানান, প্রতি প্রশিক্ষণার্থীদের প্রতিদিন ১হাজার ৪০ টাকা বরাদ্দ।তাদের ৩ দিনে মোট ২ হাজার ১ শত টাকা প্রদান করা হয়। তিনি আরো বলেন, খাবার জন্য বরাদ্দ পেয়েছি ২৪০ টাকা। তার মধ্যে যতটা সম্ভব ভাল খাবার দেওয়ার চেষ্টা করেছি।

সরকারি বাজেট তালিকার সাথে ভারপ্রাপ্ত অফিসার আব্দুল মান্নানের কথায় অসংগতি লক্ষ করা গেছে। ৩৪০ টাকা বরাদ্দ উল্লেখ থাকলেও তিনি সেটাকে ২৪০ টাকায় নামিয়ে নিয়ে আসেন।

দর্শনায় ছাদ থেকে পড়ে ৪ সন্তানের জননীর মৃত্যু

দর্শনার দোস্ত গ্রামে ঘরের ছাদ থেকে পড়ে রোকেয়া বেগম (৬২) নামের এক ৪ সন্তানের জননীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

গতকাল বুধবার সকালের দিকে নিজ বসত বাড়ির ছাদ থেকে পড়ে আহত হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে তার মৃত্যু হয়। এ মর্মান্তিক ঘটনাটি ঘটেছে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের দোস্ত গ্রামের ভুইয়া পাড়ায়।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের দোস্ত গ্রামের ভুইয়া পাড়ার ফজলু ভুইয়ার স্ত্রী রোকেয়া বেগম নিজ বসতবাড়ির ছাদে ধান শুকানোর কাজ করছিলেন। এসময় সকাল সাড়ে ১০ দিকে ধানের নেওর দেওয়ার কাজ করার একপর্যায় অসাবধনতা বসত ছাদের উপর হতে উল্টে নীচে পড়ে যায়। এতে করে রোকেয়া বেগম মারাত্বক ভাবে আহত হয়। এসময় পরিবার ও স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে নেওয়া হয় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে। সেখানে নেওয়ার পর চিকিৎসাধীনের এক পর্যায় দুপুরের দিকে তার মৃত্যু হয়। গতকাল রাতে রোকেয়া বেগমের নামাজের জানাযা শেষে গ্রামের কবরস্থানে তার দাফনকার্য সম্পন্ন করা হয়েছে।

দর্শনা টু মুজিবনগর সড়কে কালভার্ট নির্মানে নেই কোন

সতর্ক চিহ্ন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা-টু মুজিবনগর সড়কের উন্নয়ন কাজ ইতিমধ্যই চলছে। রাস্তাটির প্রশস্থ ও সংস্কারের আগে বেশ কয়েক জায়গায় কালভার্ট নির্মানের কাজ চলছে।

রাস্তাটির কালভার্ট নির্মানে সড়কের উপর আগে থেকেই কোন সতর্ক চিহ্ন না থাকায় পথচারীরা হঠাৎ করে নির্মানাধীন কালভার্টের কাছে পৌঁছে সড়ক দূর্ঘটনার মুখোমুখি হচ্ছে।

বিশেষ করে অন্য জেলা থেকে আসা মটরসাইকেল আরোহী সহ ট্রাক, মিনিট্রাকসহ এগুলো পড়ছে চরম ভোগান্তিতে।

বড় ধরনের সড়ক দূর্ঘটনা এড়াতে প্রতিটি কালভার্ট নির্মানের স্থানে সতর্কতা চিহ্ন বা সতকর্তা মূলক লেখা দিয়ে দূঘটনা থেকে সাধারন মানুষকে বাঁচাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।